



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

মনোবিজ্ঞান বিভাগের ১৩ তম ব্যাচের নবীনবরণ ও ৬ষ্ঠ ব্যাচের বিদায় সংবর্ধনা
অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের উদ্যোগে ১৩ ব্যাচের নবীনবরণ ও ৬ষ্ঠ ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান ২৫ এপ্রিল-২০১৮, বুধবার, সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। পবিত্র কোরআন তেলায়াত ও গীতা পাঠের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আশোক কুমার সাহা-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন এবং মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ও প্রক্টর ড. নুর মোহাম্মদ। নবীনবরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠান



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



সঞ্চালনায় ছিলেন মনোবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোঃ শাহীনুজ্জামান ও সহকারী অধ্যাপক হামিদা আক্তার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন মনোবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক কাজী নূর হোসেন।

অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করা হয়। এছাড়া বিদ্যায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়। এসময় মনোবিজ্ঞান বিভাগের নিয়মিত প্রকাশনা জার্নাল অব সাইকোলজি-এর মোড়ক উন্মোচন করা হয়। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে বিভাগীয় শিক্ষার্থীদের উদ্যোগে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।